



ছাদের জন্য সাদা সিমেন্টযুক্ত একটি উপাদানযুক্ত তাপ প্রতিফলকারী জল নিরোধক পরত

সীপ গার্ড হরাইজন্টাল সারফেস হল একটি রূপান্তরিত পলিমার, হোয়াইট সিমেন্টযুক্ত, উচ্চমানের কোটিং সিস্টেম যা আড়াআড়িভাবে আরসিসি, কংক্রীট এবং সিমেন্টের সারফেসের জন্য উপযুক্ত। এটি জার্মান পলিমার এবং সাদা সিমেন্ট দিয়ে তৈরি করা হয়েছে। এটি একসাথে একই পণ্য ব্যবহার করে তাপ কম করা এবং জল নিরোধ করার সুবিধা দেয়।

লাগানোর জায়গা

- ▶ সব ধরনের নতুন এবং বিদ্যমান আড়াআড়ি কংক্রীট, আরসিসি এবং সিমেন্টের, সারফেস।
- ▶ বাড়ির ছাদ, জলের ট্যাঙ্ক, ব্যালকনি, সুইমিং পুল, বেসমেন্ট, পার্কিং।

পণ্যের বৈশিষ্ট্য এবং সুবিধা

- ▶ **উচ্চতর জল প্রতিরোধক:** পজিটিভ হাইড্রোস্ট্যাটিক প্রেসারের 7 টি বার পর্যন্ত জল নিরোধের সুরক্ষা দেয়।
- ▶ **এঁটে থাকে:** আরসিসি, কংক্রীট এবং সিমেন্টের সারফেসে খুব দৃঢ়ভাবে এঁটে থাকে।
- ▶ **স্থায়িত্ব:** আপনার বাড়ির সারফেসকে লীকেজ এবং সীপেজ (জল শোষণ এবং চুঁইয়ে পড়া) থেকে রক্ষা করা।
- ▶ **ক্রয়ক ব্রীজিং:** জার্মান ইলাস্টোমেরিক পলিমারের উপস্থিতির কারণে ফাটল জোড়া দেওয়ার উৎকৃষ্ট উপাদান রয়েছে।
- ▶ **ব্যবহার এবং রক্ষণাবেক্ষণ:** এটি একটি সিঙ্গেল প্যাক, সাদা সিমেন্ট ভিত্তিক পলিমার মডিফায়েড পাউডার প্রোডাক্ট।
- ▶ **অ্যান্টি-ইনফ্লোরেসেন্স:** এই পণ্যটি ফুলে ফেঁপে ওঠা প্রতিরোধ করে এবং দীর্ঘস্থায়ী প্রভাব দেয়।
- ▶ **তাপ প্রতিফলনকারী এবং ইউভি প্রতিরোধক:** এটি হল উৎকৃষ্ট মানের প্রতিফলনকারী কোটিং এবং সারফেসে রোদ থাকলে তার উপরে এটি লাগালে 6-8তম পর্যন্ত তাপ কম করে।
- ▶ **ইকো-ফ্রেন্ডলি:** জিরো ভোলাটাইল অরগ্যানিক কমপাউন্ড (ভিওসি) অর্থাৎ উদ্বায়ী জৈব যৌগ শূন্য।
- ▶ **অ্যালগে অ্যান্ড ফাংগাস রেসিস্ট্যান্স**
- ▶ **ওয়ারেন্টি:** এই পণ্যটি 08 বছর জল প্রতিরোধের ওয়ারেন্টি দেয়।
- ▶ **ফুড গ্রেড শংসিত:** এই প্রোডাক্ট সেন্ট্রাল ফুড টেকনোলজীক্যাল রিসার্চ ইনস্টিটিউট থেকে শংসিত এবং জলের ট্যাঙ্ক, রিজার্ভয়ার ইত্যাদিতে প্রয়োগ করায় নিরাপদ।

প্যাকেজিং

- ▶ 15 কেজি

প্রযুক্তিগত তথ্য

Properties	Seep Guard Horizontal Surfaces	Test Method
Tensile Adhesion Strength (pull off) (n/mm ²) @ 28 days	2.21	ASTM D7234
Water Impermeability (Against Hydrostatic Pressure) (Bar)	Positive: Nil at 7 bar & 4mm @10 bar Negative: Pass @ 5 bar	EN 12390-8:2000
Crack Bridging (MM)	No cracking up to 2.10 mm	EN 1062-7
Alkali Resistance	No colour change	IS 15489
Fungal Resistant	Zero rating	ASTM G 21
Coverage* Horizontal Surface: Three coats on RCC/concrete surface (Priming coat with 100% + Two coat with 60-65%, Sq.ft./Kg)	12-13	In-House
Pot Life (hours)	1.5	In-House
Reduction of surface temp. at Noon time (°C)	6-8	In-House
Food Grade Certification	Pass	CFTRI Certification

*This value is on ideal concrete surface; however, this may change according to surface pattern/ texture.



শেপ লাইফ

প্রস্তুতকরণের মাস থেকে বন্ধ অবস্থায় এবং সঠিকভাবে সংরক্ষণ করলে 12 মাস।



অত্যধিক মাত্রায়
জল প্রতিরোধ করে



সারফেসের
তাপমাত্রা
কম করে



ইউভি
প্রতিরোধ করে



কিভাবে লাগাতে হয়

উপরিভাগ প্রস্তুতিকরণ

- ▶ সারফেন্স থেকে শিরিষ কাগজ, ছেনি বা তারের ব্রাশ দিয়ে ঘষে ধুলো, নোংরা, জৈব দ্রাবক (শার্টারিং খোলা বা কিউরিং ছাড়া মিশ্রণ) এবং তেলের মত আলগাভাবে লেগে থাকা সমস্ত উপাদান পরিষ্কার করুন।
- ▶ কোনো জায়গা ফুলে থাকলে সারফেন্সের উপর লেগে থাকা সমস্ত আলগা ব্লুরো নোংরাগুলো ভালভাবে পরিষ্কার করে ফেলে দিতে হবে।
- ▶ সারফেন্সগুলি ভালভাবে পরিষ্কার জল দিয়ে ধুতে হবে আর তারপরে এই পণ্যটি লাগানোর আগে জায়গাটি পুরোপুরিভাবে শুকনো হতে হবে।
- ▶ সারফেন্সের ফাটলগুলো (<3 মিমি.) সীপ গার্ড ক্র্যাক এন্ড দিয়ে ভর্তি করতে হবে এবং বড় বড় ফাটলগুলো, ক্ষতিগ্রস্ত অংশগুলো এবং ফাঁপা জায়গাগুলো বিড়লা হোয়াইট লেভেলপ্লাস্ট (পলিমার সিমেন্ট মডিফায়ড প্রোডাক্ট) দিয়ে অবশ্যই মেরামত করতে হবে।

প্রহিমিং কোট

- ▶ ঘোল তৈরি করতে 100% পরিষ্কার জলের সাথে ধীরে ধীরে 1 কেজি (1 কেজি পণ্য ও 1000 মিলি জল) পণ্য মেশান।

- ▶ ভাল ফল পাওয়ার জন্য ভালভাবে মেশানোর পরে বানানো ঘোলটি 5 মিনিট রেখে দিন। তৈরি করা ঘোলটি 1-1.5 ঘন্টার মধ্যে ব্যবহার করে ফেলতে হবে।
- ▶ ভালভাবে মেশানোর পরে পরিষ্কার এবং শুকনো দেওয়ালে বা স্তরের সারফেন্সের উপরে রংয়ের ব্রাশ রোলার দিয়ে সমানভাবে লাগাতে হবে।

1ম এবং 2য় পরত

- ▶ 60%-65% পরিষ্কার জলের সাথে 1 কেজি পণ্য ধীরে ধীরে মেশান (1 কেজি পণ্য + 600-650 মিলি. পণ্য)।
- ▶ যান্ত্রিক স্টারার দিয়ে (3-5 মিনিট) মেশালে ভালো হবে।
- ▶ ভালভাবে মেশানোর পরে, ভালভাবে রং এঁটে থাকবার জন্য এবং ভাল কভারেজের জন্য আড়াআড়িভাবে 4-6 ঘন্টার ব্যবধানে দুই পরত লাগান।
- ▶ ছাদে সবচেয়ে ভাল ফল দেবার জন্য, নিশ্চিত করুন যে এই পণ্যটি প্যারাকিটের দেওয়াল সহ পুরো ছাদের সব জায়গাতে লাগানো হয়েছে কিনা।
- ▶ দুটো পরত সর্বাধিক 1.5 মিমি. পুরু হওয়া উচিত।



SEEP GUARD™

WATERPROOFING SOLUTIONS

HORIZONTAL SURFACES

